গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিশেষজ্ঞ পুল (Expert Pool)-এর সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সাবেক সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>ও<br>আহ্বায়ক, বিশেষজ্ঞ পুল<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ১৩/০১/২০২২ খ্রি., সকাল ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সভাকক্ষ (ব্লক-এ) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহাবুদ্দিন খান, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আলোচ্যসূচি সভাকে অবহিত করেন এবং বিগত ০৫/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুল (Expert Pool)-এর সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। পরবর্তীতে সিনিয়র সহকারী সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২-এর প্রস্তুতকৃত অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

**৩.০ আলোচনা:**

৩.১ সভায় জানানো হয় যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২-এর অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে ১১/০১/২০২২ তারিখর APA টিমের সভায় এবং ১২/০১/২০২২ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত APA অগ্রগতি পর্যালোচনা সভায় বিস্তারিতভাবে বিষয়টি আলোচনা হয়েছে। অদ্য ১৩/০১/২০২২ তারিখ ২০২১-২২ এর প্রস্তুতকৃত অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিশেষজ্ঞ পুল (Expert Pool)-এর সভায় পর্যালোচনার পর এবং অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদনটি বাজেট ম্যানেজম্যান্ট কমিটি (BMC) কর্তৃক অনুমোদিত হলে প্রত্যেকটি কর্মসম্পাদন সূচকের যথাযথ প্রমাণকসহ চূড়ান্ত অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

৩.২ সভায় অর্ধবার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক এর অর্জন সম্পর্কে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বৈশ্বিক মহামারী Covid- ১৯ এর কারণে ২ নং কৌশলগত উদ্দেশ্যের অধীন ২.১ কার্যক্রমের সূচকসমূহ নির্ধারিত তারিখে অর্জিত হওয়ার কথা থাকলেও তা সম্ভব হয়নি। সভাপতি বলেন যে, সূচকটিতে পূর্ণ নম্বর অর্জনে এবিষয় বিস্তারিত ব্যাখ্যা প্রদান করতে হবে। এর পরিপ্রেক্ষিতে এপিএ টিমের সদস্য ও উন্নয়ন-১ অধিশাখার উপসচিব জনান যে, প্রকল্পের মূল ডিপিপিতে জনশুমারীর তথ্য সংগ্রহণের কার্যক্রম ম্যানুয়ালি করার কথা থাকলেও পরবর্তীতে কাপি (CAPI- Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে তথ্য গ্রহণের সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। CAPI পদ্ধতিতে তথ্য সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ট্যাব (Tab) এর ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়নি বিধায় শুমারির কাজ এখনো শুরু করা সম্ভব হয়নি। ক্রয় কার্যক্রম কার্যক্রম সম্পন্ন হলে শুমারির নতুন তারিখ নির্ধারণপূর্বক কাজটি সম্পন্ন করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

পূর্ব পৃষ্ঠার পর:

৩.৩ সরকারের সাবেক অতিরিক্ত সচিব, জনাব আবুয়াল হোসেন বলেন যে, সূচক এম জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। এডিপি বাস্তবায়নে অগ্রগতি বাড়ানোর জন্য তিনি সংশ্লিষ্টদের পরামর্শ দেন।

৩.৪ আলোচনায় অংশ নিয়ে সরকারের সাবেক অতিরিক্ত সচিব, জনাব এবিএম জাকির হোসাইন উল্লেখ করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের ক্ষেত্রে যেসব কর্মসম্পাদন সূচকের যথাযথ বাস্তবায়ন সম্ভব হয়নি সেসব কার্যক্রমের যৌক্তিক ব্যাখ্যা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে যাতে বিদ্যমান বাস্তবতা মন্ত্রিপরিষদ বিভাগ এর নিকট স্বচ্ছভাবে উপস্থাপিত হয়।

৩.৫ সভাপতি উল্লেখ করেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ টিমের কর্মকর্তাগণ প্রচুর পরিশ্রম করে থাকেন এবং ধারাবাহিকভাবে সাফল্যের সাথে কাজ করে যাচ্ছেন। এ বিভাগের এপিএ বিষয়ক কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। নির্ধারিত সময়ে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ APAMS Software-এ দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পরামর্শ প্রদান করেন যাতে এ বছরে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মতৎপরতার যথাযথ মূল্যায়ন হয়।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.০.১। নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদিত অর্ধবার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন যথাযথ ব্যাখ্যা ও প্রমাণকসহ APAMS Software-এ দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩.০.২। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট ও বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদনসূচক সমন্বয়ে পরবর্তী অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করতে হবে।

৪। পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সরকারের সাবেক সিনিয়র সচিব
ও
আহ্বায়ক, বিশেষজ্ঞ পুল

নং: ৫২.০০.০০০০.০১৯.২৬.০৫৬.২২-১৬ তারিখ: ১৩-০১-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, সাবেক সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও আহ্বায়ক, বিশেষজ্ঞ পুল পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২. জনাব মো. আবুয়াল হোসেন, সরকারের সাবেক অতিরিক্ত সচিব ও সদস্য APA বিশেষজ্ঞ পুল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩. জনাব এবিএম জাকির হোসাইন, সরকারের সাবেক অতিরিক্ত সচিব ও সদস্য APA বিশেষজ্ঞ পুল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৪. জনাব মোঃ শাহাবুদ্দিন খান, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬. উপসচিব (উন্নয়ন-১/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা) ,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৮. উপপরিচালক (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৯. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি/গার্ড নথি।

১৬/০২/২০২২

খন্দকার মোঃ মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭০৮৪